

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১১০.০০.০০.০১১.০০১.২০১৫(অংশ-১)/১১৬

তারিখ : ০২.৮.২০১৭

বিষয় : পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা পদের লিখিত পরীক্ষা প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা পদের গত ১৩.০১.২০১৭ তারিখে অনুষ্ঠিত বাছাই (প্রিলিমিনারি) পরীক্ষার ফলাফল গত ২২.৫.২০১৭ তারিখে প্রকাশ করা হয়। উক্ত বাছাই (প্রিলিমিনারি) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজি-১০০, গণিত-২৫ ও সাধারণ জ্ঞান-২৫ সর্বমোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষা আগামী ১৭ আগস্ট ২০১৭ তারিখ বৃহস্পতিবার বেলা ১.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে।

২. বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

১. সহকারী সাইফার কর্মকর্তা পদের বাছাই (প্রিলিমিনারি) পরীক্ষার প্রবেশ পত্রই লিখিত পরীক্ষার ক্ষেত্রে প্রযোজ্য হবে। এ পদের লিখিত পরীক্ষার জন্য নতুন করে আর কোন প্রবেশ পত্র প্রার্থীদের নামে ইস্যু করা হবে না। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে সংশ্লিষ্ট থানায় জিডি করে জিডির কপি এবং দরখাস্ত ও ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সহ ১৩ ও ১৬ আগস্ট ২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কর্ম কমিশন সচিবালয়ের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের ইউনিট-১০ এর সাথে যোগাযোগ করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রবেশ পত্র ছাড়া কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।
২. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষ প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
৩. প্রার্থীদেরকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি খাতা সরবরাহ করা হবে। বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন খাতা ব্যবহার করতে হবে। একই খাতায় একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
৪. কোন প্রার্থী ১টি অতিরিক্ত খাতা নিলে ১ নম্বর বৃত্ত, ২টি খাতা নিলে ১, ২ নম্বর বৃত্ত এবং ৩টি খাতা নিলে, ১, ২ ও ৩ নম্বর বৃত্ত কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। অতিরিক্ত খাতা গ্রহণ না করলে কোন ঘর বা বৃত্ত পূরণ করার প্রয়োজন নাই।
৫. লিখো কোড ফরমের ১ম অংশ ব্যতীত মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিঃ নম্বর ইত্যাদি কোন ভাবে লিখবেন না। লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
৬. সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে সাইনট্রিক ক্যালকুলেটর নয়।
৭. পরীক্ষার হলে মোবাইল ফোন, হাতঘড়ি, বই, খাতা, ব্যাগ এবং কোন ইলেক্ট্রনিক্স যন্ত্র আনা যাবে না। পরীক্ষাকালীন সময়ে পরীক্ষার্থীর কাছে নিষিদ্ধ কোন যন্ত্র পাওয়া গেলে উক্ত প্রার্থীকে হল থেকে বহিস্কার করে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

* পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

* চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

০২.০৮.২০১৭

(শেখ শাখাওয়ার হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)